



হাসিনা ভারতে থাকবেন কি না সিদ্ধান্ত তার নিজেরই: জয়শঙ্কর



সংগৃহীত ছবি

বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভারতে অবস্থান পুরোপুরি তার ব্যক্তিগত সিদ্ধান্ত এমন মন্তব্য করেছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস. জয়শঙ্কর। শনিবার (৬ ডিসেম্বর) নয়াদিল্লিতে এইচটি লিডারশিপ সামিটে এনডিটিভির সিইও রাহুল কানওয়ালের সঙ্গে আলাপচারিতায় তিনি এই মন্তব্য করেন। জয়শঙ্কর বলেন, “তিনি যে পরিস্থিতিতে ভারতে এসেছেন, সে বাস্তবতাই ভবিষ্যতে তার সিদ্ধান্তে প্রভাব ফেলবে। দেশে থাকবেন কি না চূড়ান্ত সিদ্ধান্ত তাকেই নিতে হবে।” শেখ হাসিনা ইচ্ছা করলে অনির্দিষ্টকাল ভারতে থাকতে পারবেন কি না—এমন প্রশ্নে তিনি জানান, এটি আলাদা বিষয়, তবে “আগের পরিস্থিতি তার পরবর্তী পথচলায় বড় ভূমিকা রাখবে।”

বাংলাদেশের সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতি প্রসঙ্গে জয়শঙ্কর বলেন, নির্বাচনের বিষয়ে জনগণের আপত্তি থাকলে প্রথম পদক্ষেপ হওয়া উচিত সুষ্ঠু নির্বাচন আয়োজন। তিনি আরও বলেন, ভারত গণতান্ত্রিক রাষ্ট্র হিসেবে সবসময় চায় প্রতিবেশী দেশে জনগণের ইচ্ছা গণতান্ত্রিক প্রক্রিয়ায় প্রতিফলিত হোক।

দ্বিপাক্ষিক সম্পর্ক প্রসঙ্গে তিনি আশা প্রকাশ করে বলেন, গণতান্ত্রিক প্রক্রিয়া থেকে যেই সরকারই ক্ষমতায় আসুক, ভারত-বাংলাদেশ সম্পর্ক ভারসাম্যপূর্ণ ও পরিপকুভাবেই এগিয়ে যাবে।

উল্লেখ্য, গত আগস্টে গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হওয়ার পর থেকেই ভারতেই অবস্থান করছেন শেখ হাসিনা।